

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-৫ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

নং- ০৯.০০.০০০০.০৭৬.৬১.০০১.২৪.৩৬

তারিখঃ ২৯ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১২ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: চীনের বেইজিং এবং ইতালির রোমস্থ বাংলাদেশ মিশনের ইকনমিক উইং-এ 'ইকনমিক কাউন্সেলর' পদে নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অধীন চীনের বেইজিং এবং ইতালির রোমস্থ বাংলাদেশ দূতাবাসের ইকনমিক উইং-এ ইকনমিক কাউন্সেলর পদে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের নিকট হতে সংযুক্ত "জীবন বৃত্তান্ত ছক" অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

পদের নাম ও ইকনমিক উইং	পদের সংখ্যা	যোগ্যতা	কাজের বিবরণ
ইকনমিক কাউন্সেলর বাংলাদেশ দূতাবাস বেইজিং, চীন	০১ (এক) টি	বাংলাদেশ সিভিল সার্ভিসে ক্যাডারভুক্ত পদে জাতীয় বেতনস্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম ১০ (দশ) বছরের চাকুরির অভিজ্ঞতা	বৈদেশিক সম্পদ আহরণ, উন্নয়ন সহযোগিতা বৃদ্ধি এবং অর্থনৈতিক বিষয়াদি সম্পর্কে চীন সরকার ও অন্যান্য দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক উন্নয়ন সহযোগি অঙ্গসংগঠনের সঙ্গে যোগাযোগ রক্ষা করা
ইকনমিক কাউন্সেলর বাংলাদেশ দূতাবাস রোম, ইতালি	০১ (এক) টি		বৈদেশিক সম্পদ আহরণ, উন্নয়ন সহযোগিতা বৃদ্ধি এবং অর্থনৈতিক বিষয়াদি সম্পর্কে ইতালি সরকার ও অন্যান্য দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক উন্নয়ন সহযোগি অঙ্গসংগঠনের সঙ্গে যোগাযোগ রক্ষা করা

শর্তাবলী:

- সকল মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত পদে কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৭ জুন ২০২৬ তারিখ বেলা ৪:০০ ঘটিকার মধ্যে নির্ধারিত "জীবন বৃত্তান্ত ছক" পূরণপূর্বক (হার্ডকপি) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি ও পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সদ্য তোলা সত্যায়িত ছবি সংযুক্ত করে সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দু: আ: অনুবিভাগ প্রধান (প্রশাসন, আইসিটি ও মধ্যপ্রাচ্য)] বরাবর আবেদন করতে হবে।
- নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং যথাযথ কর্তৃপক্ষের দাপ্তরিক অগ্রায়নপত্র ব্যতিরেকে কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। ভুল বা অসম্পূর্ণ তথ্য সংবলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনকারীকে বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত কর্মকর্তা হতে হবে এবং তাঁর চাকরি স্থায়ী হতে হবে।
- যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ০৪ (চার) বছরের কম তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।
- যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, তাঁরা চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাস/কনসুলেটের একই পদে বা সমমর্যাদার পদে ইতোপূর্বে চাকরি করেছেন এরূপ কর্মকর্তাগণও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।
- ১ জানুয়ারি, ১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচনাযোগ্য হবে না। আবেদনপত্রে অবশ্যই সন্তান সংখ্যা, নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে।
- বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়/ইউজিসি এর প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।
- একজন কর্মকর্তা এক বা একাধিক পদে আবেদন করতে পারবেন। একাধিক পদে আবেদনের ক্ষেত্রে প্রতি পদের জন্য আলাদা আবেদনপত্র দাখিল করতে হবে। সেক্ষেত্রে কোনটি প্রথম ও কোনটি দ্বিতীয় পছন্দ তা আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)